sanitation

# ভ্রাম্যমান খাদ্য বিক্রেতা লাইসেন্সিং আইন:

## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

*আপনি কি রাস্তা বা ফুটপাতের মত সর্বজনীন এলাকায় খাবার বিক্রি করেন বা বিক্রির প্রস্তাব দেন?*

**ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার লাইসেন্স আইন সম্পর্কে:**
Department of Health and Mental Hygiene (DOHMH) ছয় (6) রকমের খাবার বিক্রির পারমিট জারি করে। পাঁচটি দ্বিবার্ষিক (প্রতি দুই বছরে নবায়ন প্রয়োজন)। একটি বার্ষিক (প্রতি বছর নবায়ন প্রয়োজন)। পারমিটগুলি হল:

1. **শহরব্যাপী (পূর্ণ মেয়াদী) (দ্বিবার্ষিক):** পারমিটধারীরা প্রতি বোরোতে সর্বজনীন রাস্তায় সারা বছর বিক্রি করতে পারেন।
   - এছাড়াও একটি শহরব্যাপী পারমিট রয়েছে যা প্রতিবন্ধী ভেটেরান/অক্ষম ব্যক্তি/অপ্রতিবন্ধী ভেটেরানদের জন্য সংরক্ষিত।
2. **বোরোভিত্তিক (ম্যানহ্যাটন ছাড়া) (দ্বিবার্ষিক):** পারমিটধারীরা ব্রঙ্কস, ব্রুকলিন, কুইন্স বা স্ট্যাটেন আইল্যান্ডের সর্বজনীন রাস্তায় সারা বছর বিক্রি করতে পারেন।
3. **ফল ও সবজি (Green Cart) (বোরোভিত্তিক) (দ্বিবার্ষিক):** পারমিটধারীরা প্রতি বরোতে সর্বজনীন রাস্তায় সারা বছর শুধুমাত্র গোটা টাটকা ফল, শাকসবজি, জল এবং কাঁচা একক উপাদানের বাদাম বিক্রি করতে পারেন তবে নির্দিষ্ট পুলিশ প্রিসিংক্টের মধ্যেই তা সীমাবদ্ধ।
4. **শহরব্যাপী সীমাবদ্ধ এলাকা (দ্বিবার্ষিক):** পারমিটধারীরা ব্যক্তিগত সম্পত্তিতে বা NYC পার্কের এক্তিয়ারে থাকা সম্পত্তিতে বিক্রি করতে পারেন। ব্যক্তিগত সম্পত্তিতে বিক্রি করার জন্য ঐ সম্পত্তির মালিকের থেকে লীজ নেওয়া প্রয়োজন।
5. **বিশেষায়িত (প্রতিবন্ধী ভেটেরান এবং তাদের সার্ভাইভার (জীবিত স্বামী/স্ত্রী বা নির্ভরশীল সন্তান)/স্বামী-স্ত্রীর জন্য সংরক্ষিত) (দ্বিবার্ষিক):** পারমিটধারীরা সারা বছর বিক্রি করতে পারেন তবে NYC পার্কের আশেপাশেই সীমাবদ্ধ।
6. **মৌসুমী (শুধু শহরব্যাপী) (বার্ষিক):** পারমিটধারীরা 1 এপ্রিল থেকে 31 অক্টোবর পর্যন্ত প্রতিটি বোরোতে সর্বজনীন রাস্তায় বিক্রি করতে পারেন।

দ্রষ্টব্য: এই পারমিটগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন nyc.gov/health

আপনার সুবিধার জন্য, নিচের প্রতিটি বিভাগে আইন এবং/অথবা নিয়মের প্রাসঙ্গিক ধারাটি অন্তর্ভুক্ত রয়েছে, তাই আপনি আরও তথ্যের জন্য এটি দেখতে পারেন। নিচের সঙ্কেতটি এই নথিতে ব্যবহৃত আইনি উদ্ধৃতি ও প্রতীকগুলিকে বর্ণনা করে।

**কোনো NYC পার্কে কাজ করেন এমন ভ্রাম্যমান খাবার বিক্রেতাদের ক্ষেত্রে এই নথি প্রযোজ্য নয়।**

| **সঙ্কেত** |
|---|
| **NYC Code:** NYC প্রশাসনিক কোড<br>**RCNY:** নিউ ইয়র্ক শহরের নিয়মাবলী<br>**§**: ধারা<br>**§§**: ধারাসমূহ |

| **লাইসেন্স** | |
|---|---|
| 1 | আপনার অবশ্যই Department of Health and Mental Hygiene (DOHMH)-এর কাছ থেকে একটি বৈধ Mobile Food Vendor লাইসেন্স থাকতে হবে।<br>**পরামর্শ:** সর্বজনীন জায়গায় খাবার ছাড়া অন্য পণ্য বা পরিষেবা বিক্রি করা বা লীজ নেওয়া কিংবা বিক্রি করা বা লীজ নেওয়ার প্রস্তাব করার জন্য Department of Consumer and Worker Protection (DCWP, formerly Consumer Affairs) থেকে একটি General Vendor লাইসেন্স প্রয়োজন।<br>**পরামর্শ:** কোনও অনুমোদিত স্ট্রিট ফেয়ারে (যেমন, স্ট্রিট ফেয়ার, ব্লক পার্টি বা উৎসবে) পণ্যদ্রব্য বিক্রি করার জন্য DCWP থেকে Temporary Street Fair Vendor Permit প্রয়োজন। |
| | **NYC Code §17-307(a)(1)** |
| 2 | আপনার ঠেলাগাড়ি বা গাড়ির অবশ্যই একটি বৈধ DOHMH Mobile Food Vendor পারমিট থাকতে হবে। |
| | **NYC Code §17-307(b)(1)** |
| 3 | আপনাকে অবশ্যই আপনার DOHMH ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার লাইসেন্স পরে থাকতে হবে যাতে জনসাধারণ এবং বলবৎকারী কর্মকর্তারা সবসময় এটি দেখতে পান। |
| | **NYC Code §17-311(b)** |

sanitation

# ভ্রাম্যমান খাদ্য বিক্রেতা লাইসেন্সিং আইন:
## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

| | |
|---|---|
| 4 | ঠেলাগাড়ি বা গাড়িতে ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার পারমিট ডিক্যাল এবং লেটার গ্রেড অবশ্যই থাকতে হবে এবং তা জনসাধারণ এবং বলবৎকারী কর্মকর্তাদের কাছে সবসময় দৃশ্যমান হতে হবে।<br>**পরামর্শ:** পারমিটটি বিক্রেতার নামেই হতে হবে এমন নয়। |
| | **NYC Code §17-311(c)** |
| 5 | পার্কের বাইরে ফুটপাতে বিক্রি করার জন্য আপনার অবশ্যই বিশেষায়িত ভেন্ডর পারমিট থাকতে হবে। |
| | **NYC Code §17-315(i)** |
| 6 | সীমাবদ্ধ এলাকার পারমিটধারীরা সর্বজনীন এলাকায় বিক্রি করতে পারেন না। |
| | **NYC Code §17-307(b)(1)** |
| **Green Cart পারমিটধারী** | |
| 7 | আপনি শুধু টাটকা ফল ও শাকসবজি, জল বা কাঁচা একক উপাদানযুক্ত বাদাম বিক্রি করতে পারেন। |
| | **NYC Code §17-307(b)(1)(c)** |
| 8 | আপনি শুধুমাত্র আপনার পারমিট ডিক্যালে উল্লেখ করা বোরো এবং পুলিশ প্রিসিংক্টে বিক্রি করতে পারবেন। |
| | **NYC Code §17-311(d)** |
| **স্থান** | |
| ***সীমিত ব্যতিক্রম সহ, বিক্রির জন্য সীমাবদ্ধ এলাকা*** | |
| 9 | আপনি Manhattan-এ নিচের (সীমান্তের রাস্তাগুলি সহ) "ওয়ার্ল্ড ট্রেড সেন্টার জোনে" বিক্রি করতে পারবেন না:<br>• পূর্ব সীমান্ত: ব্রডওয়ের পূর্ব দিক<br>• দক্ষিণ সীমান্ত: ব্রডওয়ের দক্ষিণ দিক<br>• পশ্চিম সীমান্ত: ব্রডওয়ের পশ্চিম দিক<br>• উত্তর সীমান্ত: বার্কলে স্ট্রীটের দক্ষিণ দিক<br>*ব্যতিক্রম:*<br>ভ্রাম্যমান খাবার বিক্রেতারা নিম্নলিখিত রাস্তাগুলিতে বিক্রি করতে পারেন:<br>• বার্কলে স্ট্রীট এবং ভেসি স্ট্রীটের মাঝে ব্রডওয়ে<br>• বার্কলে স্ট্রীট এবং ভেসি স্ট্রীটের মাঝে ওয়েস্ট স্ট্রীটের পূর্ব দিকে<br>• চার্চ স্ট্রীট এবং ব্রডওয়ের মাঝে বার্কলে স্ট্রীটের দক্ষিণ দিকে |
| | **NYC Code §17-315(k)(1)** |
| ***বিক্রির জন্য সীমাবদ্ধ এলাকা, কোনও ব্যতিক্রম নেই*** | |
| 10 | আপনি Manhattan-এ নিম্নলিখিত এলাকাগুলিতে বিক্রি করতে পারবেন না:<br>• লিবার্টি স্ট্রীট এবং টেমস স্ট্রীটের মাঝে গ্রীনউইচ স্ট্রীট<br>• বার্কলে স্ট্রীট এবং পার্ক প্লেসের মাঝে ওয়েস্ট ব্রডওয়ের পূর্ব দিকে<br>• ট্রিনিটি প্লেস এবং ওয়েস্ট স্ট্রীটের মাঝে লিবার্টি স্ট্রীটে<br>• লিবার্টি স্ট্রীট এবং সিডার স্ট্রীটের মাঝে ওয়েস্ট স্ট্রীটের পূর্ব দিকে<br>• লিবার্টি স্ট্রীট এবং টেমস স্ট্রীটের মাঝে ট্রিনিটি প্লেসের পশ্চিম দিকে |
| | **NYC Code §17-315(k)(1)** |

sanitation

# ভ্রাম্যমান খাদ্য বিক্রেতা লাইসেন্সিং আইন:

## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

| | |
|---|---|
| 11 | আপনি ফুটপাথের ক্যাফে ও স্টুপ লাইন স্ট্যান্ডের 20 ফুটের মধ্যে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §17-315(d)** |
| 12 | আপনি রাস্তার মোড়ের ক্রসওয়াক, সাবওয়ের প্রবেশপথ এবং প্রস্থানপথ বা ড্রাইভওয়ের 10 ফুটের মধ্যে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §17-315(e)** |
| 13 | আপনি বিক্রি করতে পারবেন না:<br>• কোনো বাস স্টপ বা ট্যাক্সি স্ট্যান্ডের মধ্যে বা কোনো হাসপাতালের পাশে "নো স্ট্যান্ডিং" জোনের পাশের ফুটপাতে<br>• কোনো মিডিয়ানে, যদি না সেটি পথচারীদের মল বা প্লাজা হয় (পথচারীদের হাঁটার জায়গা থাকে) |
| | **NYC Code §§17-315(e), 17-315(h)** |
| **প্লেসমেন্ট ও ডিসপ্লে** | |
| 14 | আপনি শুধুমাত্র ঠেলাগাড়ি বা গাড়ি থেকেই বিক্রি করতে পারেন। |
| | **NYC Code §17-307(b)(1)** |
| 15 | আপনাকে পথচারীদের জন্য ফুটপাতে অবশ্যই কমপক্ষে 12 ফুট পরিষ্কার পথ ছেড়ে দিতে হবে।<br>**পরামর্শ:** প্রপার্টি লাইন থেকে ফুটপাথের কোনো বাধা (যেমন, বাইক র‍্যাক, ফায়ার হাইড্র্যান্ট, রাস্তার চিহ্ন) পর্যন্ত অথবা কোনো বাধা না থাকলে রাস্তার প্রান্ত পর্যন্ত দূরত্ব মাপা হয়। |
| | **NYC Code §17-315(a)** |
| 16 | আপনার ঠেলাগাড়িটি অবশ্যই রাস্তার প্রান্তের পাশে রাখতে হবে। |
| | **NYC Code §17-315(a)** |
| 17 | আপনার ঠেলাগাড়ি, গাড়ি, আপনি যে পণ্যসামগ্রী বিক্রি করছেন এবং আপনার বিক্রয়ের সাথে সম্পর্কিত অন্যান্য জিনিসগুলি কোনও বিল্ডিং বা কাঠামোকে স্পর্শ করতে পারবে না (যেমন, ল্যাম্পপোস্ট, পার্কিং মিটার, ডাকবাক্স, ট্রাফিক সিগন্যাল পোস্ট, ফায়ার হাইড্র্যান্ট, গাছের বক্স, বেঞ্চ, বাস শেল্টার, আবর্জনার বিন, বা ট্রাফিক বেড়া)। |
| | **NYC Code §17-315(b)** |
| 18 | আপনি বিক্রির জন্য জিনিসগুলি রাখতে শুধুমাত্র আপনার ঠেলাগাড়ি বা গাড়ির ঠিক নীচের স্থানটি ব্যবহার করতে পারেন। |
| | **NYC Code §17-315(c)** |
| 19 | আপনার ঠেলাগাড়ি যে কোনো বিল্ডিংয়ের প্রবেশ বা প্রস্থান থেকে কমপক্ষে 20 ফুট দূরে রাখতে হবে। |
| | **NYC Code §17-315(d)** |
| 20 | খাবার এবং সরঞ্জামকে দূষণ থেকে রক্ষা করার জন্য আপনার ঠেলাগাড়ির উপরে অবশ্যই কিছু থাকতে হবে।<br>**পরামর্শ:** একটি ফোল্ডিং ছাতা ব্যবহার করতে পারেন। |
| | **24 RCNY §6-04(o)** |
| 21 | আপনার ঠেলাগাড়ি বা গাড়ির দীর্ঘতম দিকটি অবশ্যই রাস্তার প্রান্তের সাথে সমান্তরাল হতে হবে এবং রাস্তার প্রান্তের পাশে থাকতে হবে। |
| | **24 RCNY §6-06(a)** |

sanitation

# ভ্রাম্যমান খাদ্য বিক্রেতা লাইসেন্সিং আইন:

## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

| | |
|---|---|
| **অন্য** | |
| 22 | যদি আপনার ঠেলাগাড়ি বা গাড়ি সড়কপথে থাকে (যেমন, পার্কিং স্পেসে), তাহলে আপনাকে অবশ্যই ট্রাফিক এবং পার্কিং সংক্রান্ত সমস্ত আইন মেনে চলতে হবে। |
| | **NYC Code §17-315(f)** |
| 23 | আপনি মিটার্ড পার্কিং স্পটে বিক্রি করতে পারবেন না। |
| | **34 RCNY §4-08(h)(7)** |
| **বিক্রয় মূল্য প্রদর্শন** | |
| 24 | বিক্রির সমস্ত জিনিসের জন্য, আপনাকে অবশ্যই ট্যাক্স বাদে দাম দেখাতে হবে, নিম্নরূপে:<br>• প্রতিটি জিনিসে একটি স্ট্যাম্প, ট্যাগ, বা লেবেলে। অথবা<br>• জিনিসটি যেখানে প্রদর্শিত আছে সেখানে স্পষ্টভাবে দেখতে পাওয়া যায় এমন একটি চিহ্নে। |
| | **NYC Code §20-708** |
| **নোংরা ফেলা** | |
| 25 | আপনি রাস্তায় আবর্জনা ফেলতে পারবেন না। |
| | **NYC Code §16-118** |
| 26 | আপনি সর্বজনীন আবর্জনার ক্যানে আবর্জনা ফেলতে পারবেন না। |
| | **NYC Health Code, 24 RCNY Art. 89.25(a)** |
| 27 | আপনার ঠেলাগাড়ি বা গাড়ি থেকে কোনো তরল, আবর্জনা বা খাবার ছিটকে পড়তে পারবে না। |
| | **NYC Health Code, 24 RCNY Art. 89.25(c)** |

আরও তথ্যের জন্য: **দেখুন** nyc.gov/BusinessToolbox | **যোগাযোগ 311** (212) NEW-YORK (NYC এর বাইরে)

*এই নথি শুধুমাত্র তথ্যমূলক উদ্দেশ্যে প্রদান করা হয়েছে, তা স্বয়ংসম্পূর্ণ নয় এবং আইনি পরামর্শ হিসাবে বিবেচনা করা যায় না। নিউ ইয়র্ক সিটির ব্যবসাগুলিকে অবশ্যই ফেডারাল, স্টেট এবং শহরের সমস্ত প্রাসঙ্গিক আইন ও নিয়ম মেনে চলতে হবে। তাদের ব্যবসাকে প্রভাবিত করে এমন বর্তমান বিধিনিয়মগুলি জানা এবং মেনে চলার জন্য ব্যবসাগুলি দায়ী।*